“যে ব্যক্তি গবাদিপশু পাহারাদানকারী কিংবা শিকারী কুকুর ছাড়া অন্য কোন কুকুর পোষে, প্রতিদিন তার ’আমল হতে দু’ ক্বীরাত্ব পরিমাণ হ্রাস পাবে।”

ইবনু উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে ব্যক্তি গবাদিপশু পাহারাদানকারী কিংবা শিকারী কুকুর ছাড়া অন্য কোন কুকুর পোষে, প্রতিদিন তার ’আমল হতে দু’ ক্বীরাত্ব পরিমাণ হ্রাস পাবে।” সালিম
রহ. বলেন, আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু বলতেন: কিংবা ক্ষেত খামার পাহারার কুকুর।
আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু ছিলেন ক্ষেতের মালিক। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুকুর পালনে সতর্ক করেছেন, তবে এটি শিকারের জন্য অথবা গবাদি পশু ও শস্যক্ষেত পাহারা দেওয়ার প্রয়োজন হলে অনুমোদিত। যে ব্যক্তি এসব কারণ ছাড়া কুকুর পোষে, তার নেক আমলের সওয়াব থেকে প্রতিদিন দুই কীরাত কমে যায়, যার পরিমাণ আল্লাহ তা‘আলাই জানেন।

https://sunnah.global/hadeeth/bn/show/2994